



বীর শহীদ

আশিকুল ইসলাম রাব্বি

জন্ম তারিখ:	২ অক্টোবর, ২০০৩
শাহাদাতের তারিখ:	২১ জুলাই, ২০২৪
বিভাগ:	ঢাকা
জেলা:	নরসিংদী

শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা : ছাত্র, পৌলানপুর ইসলামিয়া ফাজিল মাদ্রাসা।

শাহাদাতের স্থান : শেখেরচর মাজার, বাসস্ত্যাভ, ঢাকা।

শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

হত দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করা এক অকুতোভয় বীর যিনি আর কেউ নন; তিনি হলেন শহীদ মো: আশিকুল ইসলাম রাব্বি। সমাজের সহজ সরল ও শান্ত স্বভাবের লোক শহীদ মোহাম্মদ আশিকুল ইসলাম রাব্বি। যিনি ২০০৩ অক্টোবরের ২ তারিখ এক শ্রমিক পরিবারে জন্মগ্রহণ করেন। পরিবারের আর্থিক স্বচ্ছতা ফিরিয়ে আনার লক্ষ্য নিয়ে স্বপ্ন বুনতে থাকে শহীদ রাব্বি। স্বৈরাচার খুনি হাসিনার পেটুয়া বাহিনী বিজিবি কতৃক গুলি বৃদ্ধ হয়ে হঠাৎ অকালে মারা যাওয়ার দরুন কাক্ষিত স্বপ্ন অধরাই থেকে যায়; পুরো পরিবারে হতাশা নেমে আসে। পরিবার ও আত্মীয় স্বজনের প্রিয়মুখ শহীদ রাব্বি মাদ্রাসায় লেখা পড়ার পাশাপাশি আয়ের মাধ্যমে পরিবারকে সহযোগিতা করার জন্যই টিউশন করতেন। বৈষম্যবিরোধী ছাত্র জনতার কোটা সংস্কার আন্দোলনে প্রথম দিকেই উত্তাল হয়ে উঠে নরসিংদীর অলি গলি।

বিভিন্ন প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও সাধারণ জনতা মিলে বিক্ষোভ মিছিলে নিয়মিত অংশগ্রহণ করেতে থাকেন। এক পর্যায়ে স্বৈরাচার সরকার ইন্টারনেট বন্ধ করে দিয়ে সাধারণ ছাত্র জনতার উপর পুলিশ ও আওয়ামী সন্ত্রাসীদের লেলিয়ে দেয়। আন্দোলনের ডেউ সারা দেশে ছড়িয়ে পড়ে। এরই ধারাবাহিকতায় শহীদ রাব্বি এলাকার ছাত্র জনতার কোটা সংস্কারের দাবিতে চলা স্বৈরাচার বিরোধী বিক্ষোভ মিছিলে তিনি বন্ধুদের সাথে মিলে নিয়মিত অংশগ্রহণ করতেন। তিনি টিউশন যাওয়ার পথে হঠাৎ মিছিল শুরু হলে তৎক্ষণাৎ বন্ধুদের সাথে নিয়ে মিছিলে যোগ দেন। ২১ জুলাই ২০২৪ রবিবার সকাল ১১ টা ৩০ মিনিটে শহীদ রাব্বি তার বন্ধুকে সাথে নিয়ে মিছিলে অংশগ্রহণের উদ্দেশ্যে রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছিলেন। যখন সে মাজার বাসস্ত্যাভ বালুর মাঠে যায় তখন স্বৈরাচার হাসিনা সরকারের বিজিবি তাঁর বৃকে গুলি করে। গুলিবিদ্ধ অবস্থায় সে ৩০ মিনিট পড়ে ছিল মাঠে। পরে তাকে ছাত্রজনতা ঘটনাস্থল থেকে উদ্ধার করে নরসিংদী সদর হাসপাতালে ভর্তি করান। কিন্তু ততক্ষণে সে পৃথিবী থেকে চির বিদায় নেন।

ছাত্ররাই অজেয়- এটা শুধু বাংলাদেশেই নয়। এ সফলতা যতটা না সরকার পরিবর্তন করে দেখিয়েছে তার চেয়ে বেশি পুরো রাষ্ট্র ও সমাজ ব্যবস্থার বৈকল্যকে চলাকালীন তুলে ধরেছে। পৃথিবীর ইতিহাসে বহু দেশে ছাত্র বিক্ষোভে রাষ্ট্র ক্ষমতায় পরিবর্তন আসে। যার সর্বশেষ উদাহরণ সৃষ্টি হয় বাংলাদেশে। ১ জুলাই ২০২৪ থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে বিক্ষোভ শুরু করে শিক্ষার্থী ও চাকরি প্রত্যাশীরা। ফলশ্রুতিতে সরকার পদত্যাগ করতে বাধ্য হয়। ছাত্র আন্দোলন 'সত্যের প্রতিষ্ঠা ও অন্যায়ের প্রতিরোধ' এর মধ্যেই মানুষের শ্রেষ্ঠত্ব নিহিত। এ শ্রেষ্ঠত্ব যুগে যুগে লুফে নেয় তরুণ ছাত্র-জনতা। একজন সচেতন ছাত্র দেশ ও জাতির সক্রিয় কার্যকর প্রতিবাদী জনশক্তি। এ তরুণ ছাত্র সমাজ যখন কোনো যৌক্তিক বিষয়ে ঐক্যবদ্ধ আন্দোলন করে তখনই তাদের যৌক্তিক দাবিগুলোর প্রাসঙ্গিকতা অনুভব করে বাঁপিয়ে পড়ে শহীদ মোহাম্মদ আশিকুল ইসলাম রাব্বি। পরিবারে অভাব অনটন মাথায় রেখে স্বপ্ন দেখা তরুণ প্রজন্মের আইডল শহীদ রাব্বি অকাতরে পৃথিবী থেকে বিদায় নেবে তা কখনো কল্পনাতীত ছিল না।

ঘটনা সংক্রান্ত বিবরণ

শহীদ আশিকুল ইসলাম রাব্বি পৌলানপুর ইসলামিয়া ফাজিল মাদ্রাসার মানবিক গ্রুপের আলিম ২য় বর্ষের ছাত্র। তাঁর জন্ম ২০০৩ সালের ২ অক্টোবর নরসিংদী জেলার ভগীরথপুর গ্রামে। তিনি পড়াশোনা পাশাপাশি অটো চালাতেন। তাঁর পিতার নাম আব্দুল খালেক সরকার, তিনি একজন টেক্সটাইল তাঁতী। মায়ের নাম শামসুন্নাহার, তিনি একজন গৃহিণী। আব্দুল খালেক সরকারের মাসিক আয় ৮০০০/- টাকা। ছেলের মৃত্যুতে তিনি শোকাহত, তাই চাকুরি থেকে বিরত আছেন। আত্মীয়স্বজন তাদেরকে সহায়তা করে যাচ্ছে। বর্তমানে প্রায় ৩,০০,০০০ টাকা ঋণগ্রস্ত। তার বাবার ২ শতাংশ জমির উপর একটি পাকা বাড়ি আছে। আশিকুল ইসলাম রাব্বি ২১ জুলাই'২৪ রবিবার সকাল ১১.৩০ মিনিটে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে যোগ দিতে বের হন। যখন তিনি মাজার বাসস্ত্যাভ বালুরমাঠে যায় তখন স্বৈরাচার হাসিনা সরকারের বিজিবি তাঁর বৃকে গুলি করে। গুলিবিদ্ধ অবস্থায় সে ৩০ মিনিট পড়ে ছিলো মাঠে। পরে তাকে ছাত্রজনতা নিয়ে নরসিংদী, সদর হাসপাতালে ভর্তি করায়, কিন্তু ততক্ষণে সে পৃথিবী ছেড়ে চলে গেছে।

নিকটাত্মীয় ও বন্ধুর অনুভূতি

গ্রামে বসবাসরত বন্ধুদের মতে শহীদ রাব্বি খুব সৎ ও সদালাপী ছিলেন। প্রতিবেশীদের সহযোগিতা করতেন ও বন্ধুদের নিয়মিত খোঁজখবর নিতেন। শহীদ রাব্বি নামাজী ছিলেন এমনকি মসজিদে কুরআন তালিমেও অংশগ্রহণ করতেন।

প্রস্তাবনা

- ১। শহীদ পরিবারকে মাসিক ১০০০০ টাকা প্রদানের মাধ্যম সহায়তা দেওয়া।
- ২। ঋণ পরিশোধের ব্যবস্থা করা
- ৩। বাৎসরিক ১ লক্ষ প্রদান।

একনজরে শহীদ আশিকুল ইসলাম রাব্বির ব্যক্তিগত তথ্যাবলি

নাম : শহীদ আশিকুল ইসলাম রাব্বি

পেশা : ছাত্র

মাদ্রাসা : পৌলানপুর ইসলামিয়া ফাজিল মাদ্রাসা

জন্ম : ২ অক্টোবর ২০০৩

ঠিকানা : গ্রাম: ভগীরথপুর, ইউনিয়ন: মেহেরপাড়া, থানা: সাধবদী, জেলা: নরসিংদী

ঘটনার স্থান : শেখেরচর মাজার, বাসস্ত্যান্ড, ঢাকা

আক্রমণকারী : ফ্যাসিস্ট সরকারের পেটোয়া বাহিনী বিজিবি সদস্য

আহত হওয়ার সময়কাল : ২১ জুলাই ২০২৪ইং, সকাল ১১ টা ৩০ মিনিট

মৃত্যুর তারিখ ও সময় : ২১ জুলাই ২০২৪ইং, দুপুর ১২ টা ৪৫ মিনিট

শহীদের কবরের অবস্থান : নিজগ্রাম, নরসিংদী

পিতা : আব্দুল খালেক সরকার

বয়স : ৬০ পেশা: শ্রমিক

মাতা : শামসুন্নাহার বয়স : ৫০ পেশা: গৃহিণী

মাসিক আয় : ৮০০০ টাকা

আয়ের উৎস : শ্রমিক

পরিবারের সদস্য : ২ জন

পবিত্র কুরআনের বাণী

আর যারা আল্লাহর পথে নিহত হয়েছে তাদেরকে কখনোই মৃত মনে করো না; বরং তারা জীবিত এবং তাদের রবের কাছ থেকে তারা জীবিকা-প্রাপ্ত হয়ে থাকে। (সূরা আল-ইমরান ৩:১৬৯)

হাদীস শরীফ

হজরত আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “যে ব্যক্তি আল্লাহর কাছে আন্তরিকভাবে শাহাদাত কামনা করে, আল্লাহ তাকে শহীদের মর্যাদায় পৌঁছে দেন।” (সহীহ মুসলিম ১৮৮৮)

দোয়া পাঠ: ০ জন

শহীদের স্মৃতিচিত্র ও ফটো গ্যালারি



